# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৮৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৯৭]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ১৬: কিরাআত ও তাকবীরের মধ্যে অন্য দু'আ

نوع آخر من الدعاء بين التكبير والقراءة

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ سَعِيدٍ، قال: حَدَّثَنَا شُرَيْحُ بْنُ يَزِيدَ الْحَضْرَمِيُّ، قال: أَخْبَرَنِي شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ، قال: أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قال: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا اسْتَفْتَحَ الصَّلَاةَ كَبَّرَ، ثُمَّ قَالَ: إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ لَا شَرِيكَ لَهُ وَبِذَلِكَ أُمِرْتُ وَأَنَا مِنَ الْمُسْلِمِينَ، اللَّهُمَّ اهْدِنِي لِأَحْسَنِ الْأَعْمَالِ وَأَحْسَنِ الْأَخْلَاقِ لَا يَهْدِي لِأَحْسَنِهَا إِلَّا أَنْتَ وَقِنِي سَيِّئَ الْأَعْمَالِ وَسَيِّئَ الْأَخْلَاقِ لَا يَقِي سَيِّئَهَا إِلَّا أَنْتَ .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ٣٠٤٨) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 897 ـ صحيح

বাংলা

৮৯৬. আমর ইবনু উসমান ইবনু সা’ঈদ (রহ.)... জাবির ইবনু আবুদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন সালাত শুরু করতেন তখন তাকবীর বলতেন। তারপর বলতেন- “ইন্না সালা-তী ওয়া নুসুকী ওয়া মাহইয়া-ইয়া ওয়া মামা-তী লিল্লা-হি রব্বিল আলামীনা লা- শারীকা লাহু ওয়াবিযা-লিকা উমিরতু ওয়া আনা-মিনাল মুসলিমীনা, আল্ল-হুম্মাহদিনী লিআহসানিল আ’মা-লি ওয়া আহসানিল আখলা-কি লা- ইয়াহদী লিআহসানিহা-ইল্লা আনতা ওয়াকিনী সাইয়িয়্যাল আ’মা-লি ওয়া সাইয়িয়্যাল আখলা-কি, লা-ইয়াক্বী সাইয়্যিহা ইল্লা আনতা” (নিশ্চয় আমার সালাত, আমার কুরবানী, আমার জীবন ও আমার মরণ সমস্ত পৃথিবীর প্রতিপালক আল্লাহর জন্যই, তাঁর কোন অংশী নেই। আমি এ সম্বন্ধেই আদিষ্ট হয়েছি এবং আমি আত্মসমর্পণকারীদের প্রথম। হে আল্লাহ! সুন্দরতম কাজ ও সুন্দরতম চরিত্রের প্রতি আমাকে পথ দেখাও, যেহেতু তুমি ছাড়া সুন্দরতম কাজ ও সুন্দরতম চরিত্রের

প্রতি অন্য কেউ পথ দেখাতে পারে না। আর আমাকে মন্দ কাজ ও মন্দ চরিত্র থেকে রক্ষা কর, কেননা তুমি ছাড়া অন্য কেউ মন্দ কাজ ও মন্দ চরিত্র থেকে রক্ষা করতে পারে না)।

## English

16. Another Supplication Between The Takbir And Recitation

It was narrated that Jabir bin Abdullah said: When the Prophet (ﷺ) started to pray, he would say the takbir, then say: 'Inna salati wa nusuki wa mahyaya wa mamati lillahi rabbil-alamin, la sharika lahu, wa bidhalika umirtu wa ana min al-muslimin. Allahummahdini liahsanil-amali wa ahsanil-akhlaqi la yahdi li ahsaniha illa anta wa qini sayy'al-a'mali wa sayy'al-ahaqi la yaqi sayy'aha illa ant. (Indeed my salah (prayer), my sacrifice, my living, and my dying are for Allah, the Lord of all that exists. He has no partner. And of this I have been commanded, and I am one of the Muslims. O Allah, guide me to the best of deeds and the best of manners, for none can guide to the best of them but You. And protect me from bad deeds and bad manners, for none can protect against them but You.)

## ফুটনোট

সহীহঃ নাসায়ী’র “সুনানুল কুবরা” ৯৭০, দারাকুতনী (১/২৯৮), মিশকাত ৮২০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন